

প্রাথমিক সমাপনী ও জেএসসির ফল কাল

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, রবিবার, ২৩ ডিসেম্বর ২০১৮

পঞ্চম শ্রেণীর প্রাথমিক শিক্ষা সমাপনী ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী এবং অষ্টম শ্রেণীর জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার ফল আগামীকাল ২৪ ডিসেম্বর প্রকাশ করা হবে।

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের সচিব প্রফেসর শাহেদুল কবির চৌধুরী গতকাল সংবাদকে এ তথ্য জানিয়ে বলেন, ‘আনুষ্ঠানিকভাবে ২৪ ডিসেম্বর সকাল ১০টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফলাফলের কপি হস্তান্তর করা হবে।’

শিক্ষা মন্ত্রণালয় কর্মকর্তারা জানান, ‘প্রধানমন্ত্রী ২৪ ডিসেম্বর বই উৎসবেরও আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। এরপর ১ জানুয়ারি শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ অথবা শিক্ষা সচিব সোহরাব হোসাইন সারাদেশে একযোগে বই উৎসবের উদ্বোধন করবেন। মন্ত্রী যদি উৎসবের দিন অংশ নিতে না পারেন সেক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব বই উৎসবের উদ্বোধন করবেন।’

জানা গেছে, শিক্ষা মন্ত্রণালয় থেকে জেএসসি-জেডিসি পরীক্ষার ফল ২৫ থেকে ২৭ ডিসেম্বরের

মধ্যে প্রকাশ করতে প্রধানমন্ত্রীর কাছে সময় চাওয়া হয়েছিল। প্রধানমন্ত্রী ২৪ ডিসেম্বর ফল প্রকাশের সময় দিয়েছেন।

আর প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফল ২৬ বা ২৭ ডিসেম্বর প্রকাশের সময় চেয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রধানমন্ত্রীর কাছে প্রস্তাব পাঠিয়েছিল। প্রধানমন্ত্রী ২৪ তারিখের সম্মতি দেয়ায় দুই সমাপনীর ফল প্রকাশ হবে একই দিনে।

জানা গেছে, আগামী ২৪ ডিসেম্বর বেলা সাড়ে ১২টায় জেএসসি-জেডিসি পরীক্ষার ফল নিজ নিজ প্রতিষ্ঠানে এবং অনলাইনে একযোগে প্রকাশ করা হবে। ঢাকা শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে রেজাল্ট কর্নারে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের ইআইআইএন এন্ট্রি করে প্রতিষ্ঠানভিত্তিক রেজাল্ট শিট ডাউনলোড করা যাবে।

এ ছাড়া www.educationboard.gov.bd ওয়েবসাইটে রেজাল্ট কর্নারে ক্লিক করেও শিক্ষা প্রতিষ্ঠানের ইআইআইএন এন্ট্রি করে ফলাফল ডাউনলোড করা যাবে। এ ছাড়া জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাদের (ইউএনও) ইমেইলে রেজাল্ট শিট পাঠানো হবে। প্রয়োজনে ডিসি ও ইউএনওদের কাছ থেকে ফলের হার্ডকপি সংগ্রহ করা যাবে।

গত কয়েক বছর ধরে পঞ্চম ও অষ্টমের সমাপনীর ফল একই দিনে প্রকাশ করা হয়। সাধারণত ডিসেম্বরের শেষে এই ফল ঘোষণা করা হলেও এবার ৩০ ডিসেম্বর একাদশ জাতীয় সংসদ

নির্বাচনে ভোটের তারখ থাকায় আগেই ফল প্রকাশের প্রস্তুতি গ্রহণ করে দুই মন্ত্রণালয়।

গত ১৮ থেকে ২৬ নভেম্বর প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী অনুষ্ঠিত হয়। এতে ৩০ লাখ ৯৫ হাজার ১২৩ জন ক্ষুদে শিক্ষার্থী অংশ নিয়েছে।

আর ১ থেকে ১৫ নভেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হয় জেএসসি-জেডিসি পরীক্ষা, যাতে অংশ নেয় ২৬ লাখ ৭০ হাজার ৩৩৩ জন শিক্ষার্থী।